

# জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরীক্ষার তারিখ ফের পেছালো

ইন্ডিয়ান ডিজিটাল ডেক্স

প্রকাশ : ১০ মে ২০২৫, ১০:৩০



ছবি: সংগ্রহীত

ফের পেছাল জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স ১ম বর্ষের ভর্তি পরীক্ষা। নতুন সিদ্ধান্ত অনুযায়ী ৩১ মে সকাল ১১টা থেকে ১২টা পর্যন্ত এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

শুক্রবার (০৯ মে) জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এর আগে এই পরীক্ষা ২৪ মে অনুষ্ঠিত হওয়ার কথা ছিলো।

বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ভর্তি পরীক্ষা সংক্রান্ত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে। এর আগে ৩ মে এই পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। ২১ দিন পিছিয়ে সেটি ২৪ মে নির্ধারণ করা হয়েছিল। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তিতে অনলাইনে প্রাথমিক আবেদন শেষ হয় ২৫ এপ্রিল।

ভর্তি পরীক্ষার নম্বর কত-

ভর্তি পরীক্ষায় উচ্চমাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীদের জন্য আলাদাভাবে ১০০ নম্বরের এমসিকিউ পরীক্ষা গ্রহণ করা হবে। এমসিকিউ পদ্ধতিতে ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় ১০০টি প্রশ্নের উত্তর ১ ঘণ্টা সময়ের মধ্যে দিতে হবে। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সঙ্গে শিক্ষার্থীদের এসএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএর ৪০ শতাংশ ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএর ৬০ শতাংশ যোগ করে সর্বমোট ২০০ নম্বরের মধ্যে মেধাতালিকা প্রস্তুত করা হবে। পরবর্তী সময়ে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে বিষয়ভিত্তিক মেধাতালিকা প্রণয়ন করে শিক্ষার্থীদের বিষয় বরাদ্দ দেওয়া হবে।

ইত্তেফাক/কেএইচ